

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ফৌজদারি নীতি ও সংগঠন শাখা
www.cabinet.gov.bd

নং মপবি/ফৌনীস/রিভিউ কমিটি/২০০৯-৫৯৮

১৭ পৌষ, ১৪১৬
তারিখ-----
৩১ ডিসেম্বর, ২০০৯

প্রজ্ঞাপন

মন্ত্রিপরিষদ বিভাগের নন-ক্যাডার (ক্যাডার বহির্ভূত) ক্ষতিগ্রস্ত কর্মকর্তা/কর্মচারীবৃন্দের কাছ থেকে প্রাপ্ত ৮৯ (উননব্বই) টি আবেদনপত্রের মধ্যে ৮৮ টি আবেদনই দুর্নীতি দমন কমিশন ও বিলুপ্ত দুর্নীতি দমন ব্যুরোর। তাই প্রাপ্ত আবেদনপত্রসমূহ পরীক্ষা-নিরীক্ষা করে সুপারিশ প্রদান করার নিমিত্ত নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হ'লঃ

- | | | |
|--|---|-------------|
| (১) অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | - | আহবায়ক |
| (২) যুগ্মসচিব(প্রশাসন ও বিধি), মন্ত্রিপরিষদ বিভাগ | - | সদস্য |
| (৩) যুগ্মসচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ | - | সদস্য |
| (৪) দুর্নীতি দমন কমিশনের উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| (৫) উপসচিব (ফৌজদারী বিচার) | - | সদস্য সচিব। |

কমিটির কার্যপরিধি :

- (১) যে সকল কর্মকর্তা/কর্মচারীগণ-কে অকালীন অবসর প্রদান, যৌক্তিক কারণ ছাড়া পদোন্নতি বঞ্চিত করা হয়েছে, তাদের ডোসিয়ার এবং এ সংক্রান্ত অন্যান্য সকল তথ্যাবলী পরীক্ষান্তে প্রতিটি কেইসের বিষয়ে সুনির্দিষ্ট প্রতিবিধানের সুপারিশকরণ;
- (২) যে সকল ক্ষতিগ্রস্ত নন-ক্যাডার কর্মকর্তা/কর্মচারী ন্যায় বিচার পাওয়ার প্রত্যাশায় ট্রাইব্যুনালে কিংবা উচ্চতর আদালত-এ মামলা/আপীল দায়ের করেছেন সেই সকল মামলায় ট্রাইব্যুনালের/উচ্চতর আদালতের নির্দেশ বা রায় ইতোমধ্যে পাওয়া গেলে তা যথাযথভাবে বাস্তবায়িত হয়েছে কিনা তা পর্যালোচনা ও উপযুক্ত ক্ষেত্রে সুপারিশকরণ;
- (৩) প্রাসঙ্গিক অন্যান্য বিষয়ে মন্তব্য/মতামত ও সুপারিশ প্রদান।

(নুসরাত জাবীন বানু)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৬৬৪৪৬

E-mail:cpo_sec@cabinet.gov.bd

নং মপবি/ফৌনীস/রিভিউ কমিটি/২০০৯-৫৯৮

১৭ পৌষ, ১৪১৬
তারিখ-----
৩১ ডিসেম্বর, ২০০৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল :

- ১। অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২। সচিব, দুর্নীতি দমন কমিশন।
- ৩। যুগ্মসচিব(প্রশাসন ও বিধি), মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৪। যুগ্মসচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৫। উপসচিব (ফৌজদারী বিচার), মন্ত্রিপরিষদ বিভাগ।

(নুসরাত জাবীন বানু)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৬৬৪৪৬

E-mail:cpo_sec@cabinet.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
প্রজ্ঞাপন

তারিখ, ১৬ বৈশাখ, ১৪১৬ / ২৯ এপ্রিল ২০০৯

নং-মপবি/ফৌনীস/৪-১/২০০৭/ ২০১ - দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর ৬(১) ধারার বিধানমতে জনাব গোলাম রহমান, চেয়ারম্যান, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন-কে দুর্নীতি দমন কমিশনের কমিশনার এবং উক্ত আইনের ৫(১) ধারার বিধানমতে তাঁকে দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান নিয়োগ করা হল।

২। মন্ত্রিপরিষদ বিভাগের ২২ মার্চ, ২০০৭ তারিখের মপবি/ফৌনীস/৪-১/২০০৭/ ৯১ নং প্রজ্ঞাপন আশিংক সংশোধনক্রমে কমিশনের চেয়ারম্যানের বেতন, আর্থিক সুবিধাদি ও পদমর্যাদা সুপ্রীম কোর্টের আপীল বিভাগের একজন বিচারকের সমরূপ নির্ধারণ করা হল।

৩। জনস্বার্থে এ আদেশ জারী করা হল এবং ইহা ২ মে, ২০০৯ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

এম আব্দুল আজিজ এনভিসি
মন্ত্রিপরিষদ সচিব।

উপ-নিয়ন্ত্রক,

বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা

(প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশপূর্বক

৫০ কপি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল)।

